

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বানিজ্যিক, এলাকা, ঢাকা।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.১৬.০০৪.১৮.৫১

তারিখঃ ২৫-১১-২০১৯খ্রিঃ।

**বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পের প্রাক-জরিপ যাচাই, পরিবীক্ষণ ও কর্মোত্তর জরিপ এবং প্রকল্প পরিদর্শনসহ অফিস পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকার ৯(গ)(৫) নং অনুচ্ছেদ এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকার ৯(গ)(৫) নং অনুচ্ছেদ মোতাবেক জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ কর্তৃক প্রতি উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের গৃহীত মোট প্রকল্পের মধ্যে ন্যূনপক্ষে ১০% প্রকল্পের প্রাক-জরিপ যাচাই, পরিবীক্ষণ ও কর্মোত্তর জরিপ গ্রহণ এবং কমপক্ষে ১৫-২০% প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে যথাসময়ে প্রতিবেদন এ অধিদপ্তরে দাখিল করার নির্দেশ রয়েছে। কিন্তু তাদের নিকট হতে নিয়মিতভাবে যাচিত প্রতিবেদন পাওয়া যাচ্ছে না।

২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে মাঠ পর্যায়ে বাস্তবায়নধীন সকল কর্মসূচি/প্রকল্পের গুনগতমান অক্ষুণ্ন রেখে ডিজাইন মোতাবেক যেন কাজ হয় তা নিবিড় পরিদর্শন করতে হবে। সে লক্ষ্যে সকল কর্মসূচি/প্রকল্প নিয়মিত পরিদর্শনের বিকল্প নেই। তাছাড়া, সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে শতভাগ কর্মসূচি/প্রকল্প পরিদর্শন করতে হবে। উল্লেখ্য, কর্মসূচি/প্রকল্পের কাজের মান খারাপ হলে অথবা ডিজাইন মোতাবেক কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।

৩। এমতাবস্থায়, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকার ৯(গ)(৫) নং অনুচ্ছেদ ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকার ৯(গ)(৫) নং অনুচ্ছেদ মোতাবেক প্রতি উপজেলায় গৃহীত মোট প্রকল্পের মধ্যে ন্যূনপক্ষে ১০% প্রকল্পের প্রাক-জরিপ যাচাই, পরিবীক্ষণ ও কর্মোত্তর জরিপ গ্রহণ ও কমপক্ষে ১৫-২০% প্রকল্প সরেজমিনে পরিদর্শন এবং নিজ কার্যালয়সহ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস পরিদর্শন করে সংযুক্ত ছক পূরণপূর্বক সকল প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের পরিচালক (মুওপ) বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০১ পাতা।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
.....(সকল)।

  
(মোঃ শাহীদ হোসেন)

মহাপরিচালক  
ফোনঃ ৮৮৩৫৪৯৫

ই-মেইলঃ dg@ddm.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার,.....(সকল)।
- ৩। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক,.....(সকল)।
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (তঁাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার,.....জেলা.....।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, .....জেলা.....।
- ৯। অফিস কপি।

